

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮০৫

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যেই কারণে কুরাইশরা ইবরাহিম আলাইহিস সালামের ভিত্তিসমূহ থেকে কমিয়ে দিয়েছিল তার বিবরণ

ذَكَرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا اقْتَصَرَ الْقَوْمُ فِي بِنَاءِ الْكَعْبَةِ عَلَى قَوَاعِدِ إِبْرَاهِيمَ

আরবী

3805 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مُحَمَّدٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى الذُّهْلِيُّ حَدَّثَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ حَدَّثَنَا أَبِي قَالَ: سَمِعْتُ يَزِيدَ بْنَ رُوْمَانَ يُحَدِّثُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ عَنْ عَائِشَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهَا: (يَا عَائِشَةُ لَوْلَا أَنْ قَوْمَكَ حَدِيثَ عَهْدٍ بِجَاهِلِيَةٍ لَهَدَمْتَ الْبَيْتَ حَتَّى أُدْخِلَ فِيهِ مَا أُخْرِجُوا مِنْهُ فِي الْحَجْرِ - فَإِنَّهُمْ عَجَزُوا عَنْ نَفَقَتِهِ - وَأَلْصَقْتُهُ بِالْأَرْضِ وَوَضَعْتُهُ عَلَى أُسَاسِ إِبْرَاهِيمَ وَجَعَلْتُ لَهُ بَابَيْنِ بَابًا شَرْقِيًّا وَبَابًا غَرْبِيًّا)

قَالَ: فَكَانَ هَذَا الَّذِي دَعَا ابْنُ الزُّبَيْرِ إِلَى هَدْمِهِ وَبِنَائِهِ

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3784 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (43) ،

((الإرواء)) (1106): ق.

বাংলা

৩৮০৫. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, “হে আয়িশা, যদি তোমার সম্প্রদায় জাহেলী যুগের নিকটবর্তী না হতো, তবে অবশ্যই আমি বাইতুল্লাহকে ভেঙ্গে হিজর, যেটাকে তার বাইতুল্লাহ থেকে বের করে দেয়, সেটাকে ভিতরে ঢুকিয়ে দিতাম। কেননা তারা সেটাকে ভিতরে অন্তর্ভুক্ত করার খরচ যোগানে অক্ষম হয়। আমি বাইতুল্লাহকে মাটির সাথে লাগিয়ে দিতাম, সেটাকে ইবরাহিম আলাইহিস সালামের ভিত্তির উপর স্থাপন করতাম এবং সেটার দুটি দরজা করে দিতাম; পূর্বদিকে একটি দরজা এবং পশ্চিম দিকে একটি দরজা।”

অধঃস্তন রাবী বলেন, “এই বিষয়টিই আব্দুল্লাহ বিন যুবাইর রাদিয়াল্লাহু আনহুমা কে কা’বা ঘর ভেঙ্গে পুনঃনির্মাণ করতে উদ্বুদ্ধ করেছিল।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৩০২০; হাকিম: ১/৪৭৯-৪৮০; সুনান বাইহাকী: ৫/৯০; মুসনাদ আহমাদ: ৬/২৩৯; সহীহুল বুখারী: ১৫৮৬; নাসাঈ: ৫/২১৬; দারেমী: ২/৫৩-৫৪; সহীহ মুসলিম: ১৩৩৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৪৩)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93144>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন